



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

কম্পিউটেশনাল এবং কগনিটিভ ইঞ্জিনিয়ারিং শীর্ষক দুই দিনের আন্তর্জাতিক কনফারেন্স সম্পন্ন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৮ ডিসেম্বর ২০২০।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কম্পিউটেশনাল এবং কগনিটিভ ইঞ্জিনিয়ারিং শীর্ষক দুই দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স আজ সম্পন্ন হয়েছে। গতকাল এর উদ্বোধন করেন প্রধান অতিথি শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। আইআইটি আয়োজিত এ অনুষ্ঠান উদ্বোধনকালে প্রধান অতিথি বলেন, চতুর্থ শিল্পবিপ্লব হিসেবে আইসিটি ক্ষেত্রে বাংলাদেশ বিশ্বের কাছে বিশেষ মর্যাদার স্থান লাভ করেছে। বর্তমান সরকার তথ্য প্রযুক্তি সেবা দেশের তৃণমূল পর্যায়ে পৌঁছে দিয়েছে। এক্ষেত্রে আমাদের উৎকর্ষ অর্জনের মাধ্যমে বিশ্বের অনেক দেশকে অতিক্রম করা সম্ভব হবে। শিক্ষা উপমন্ত্রী কম্পিউটিংয়ের প্রতিটি দিক নিয়ে আলোচনা করেন। তিনি চতুর্থ শিল্প বিপ্লবের রূপকার আইসিটি উপদেষ্টা সজিব ওয়াজেদ জয়ের ভূমিকার কথা উল্লেখ করেন। মন্ত্রী বলেন, আমরা প্রযুক্তিগত উদ্ভাবনের মাধ্যমে অদূর ভবিষ্যতে অনেক সুপার পাওয়ার দেশকে পরাজিত করতে সমর্থ হবো। অনলাইনে অনুষ্ঠিত এ কনফারেন্সে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম সভাপতিত্ব করেন। তিনি বলেন, কম্পিউটেশনাল এবং কগনিটিভ ইঞ্জিনিয়ারিং বর্তমান বিশ্বের অগ্রায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এখন তথ্য প্রযুক্তির উন্নয়নের উপর দেশের উন্নয়ন অনেকখানি নির্ভর করে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীতে কম্পিউটেশনাল এবং কগনিটিভ ইঞ্জিনিয়ারিং শিরোনামে আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন করে ইনসিটিউট অব ইনফরমেশন টেকনোলজি প্রশংসায়োজ্য কাজ করেছে। তিনি আরো বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তোলার জন্য তথ্য প্রযুক্তির গবেষণা বিকাশে গবেষক, শিক্ষাবিদসহ সংশ্লিষ্ট সবাইকে অধিকতর মনোযোগী হতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আই আই টি-এর পরিচালক অধ্যাপক ড. এম মেসবাহউদ্দিন সরকার। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন কনফারেন্স চেয়ার অধ্যাপক ড. কানাদ রয় এবং টেকনিক্যাল চেয়ার ড. অনিবার্ণ বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপুমানি অনলাইনে যুক্ত ছিলেন। কনফারেন্সে বিশ্বের তেরটি দেশ হতে দেড় শতাধিক তথ্য-প্রযুক্তিবিদ অংশগ্রহণ করেন। কনফারেন্সে ৫৭টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।

Sunil

মো. আবদুস সালাম মিয়া
পরিচালক (ভারপ্রাপ্ত)



